বার্ষিক পত্রিকা

অন্বেষ

২০২৩-২৪

শ্রদ্ধাবান্ লভতে জ্ঞানম্

আনন্দ মোহন কলেজ

১০২/১, রাজা রামমোহন সরণি, কলকাতা - ৭০০০০৯, পশ্চিমবঙ্গ

আলাপ

বার্ষিক পত্রিকা

২০২৩ - ২৪

আনন্দ মোহন কলেজ

১০২/১, রাজা রামমোহন সরণি

কলকাতা - ৭০০০০৯, পশ্চিমবঙ্গ

আলাপ*

বার্ষিক পত্রিকা

২০২৩-২০২৪

• আঙ্গিক বিন্যাস •

ড. মিলি দাস

• সার্বিক সহযোগিতায় •

জয়দীপ সিন্‌হা

শ্রী দেবাশিস গাঙ্গুলী

শ্রী নাড়ুগোপাল রায়

শ্রী দেবাশিস মাইতি

ড. প্রীতিলতা রায়

ড. রীনা কুমারী রাম

অধ্যাপক রাজীব নস্কর

ড. নন্দিনী দানিয়ারী

ড. শেখ আব্দুল রশিদ

ড. সন্দীপন সেন

অধ্যাপক শান্তিনাথ মণ্ডল

ড. প্রিয়তোষ দত্ত

• প্রচ্ছদ •

অধ্যাপিকা দেবলীনা চক্রবর্তী

ড. শুভলক্ষ্মী পাল

• মুদ্রক •

জেপিএস ইনফোমিডিয়া

কলকাতা - ৭০০০৪৬

সিটি কলেজের প্রতিষ্ঠাতা

শ্রী আনন্দ মোহন বসু

জন্ম ঃ ২৩শে সেপ্টেম্বর, ১৮৪৭

মৃত্যু ঃ ২০শে আগষ্ট, ১৯০৬

শুভেচ্ছা বাণী

ভারপ্রাপ্ত অধ্যক্ষের কথা

শতফুল বিকশিত হোক, এই মনোবাসনা ছাত্রদের প্রতিধ্বনিত হচ্ছে প্রতিনিয়ত। এই সমাজে নবীনেরা আধমরাদের ঘা মেরে বাঁচাবে এবং স্নেহময় দায়িত্ববান ছাত্র-ছাত্রীদের সৃজনশীল কর্মের মাধ্যমে চারপাশের অন্ধকার কেটে যাবে। আনন্দ মোহন বসু এমনই একজন আলোকিত মানবাত্মা, যিনি বঙ্গ সমাজের অন্ধকার সরিয়ে মানুষের চেতনা চৈতন্য জাগরিত করেছিলেন। তাঁর আদর্শে প্রাণিত বর্তমান নবীন প্রজন্মের সেই জাগ্রত বোধ-এর জয়ধ্বনি ঘোষিত হচ্ছে। আমার স্নেহাস্পদ সেইসব সন্তানবৎ উত্তরসূরিরা 'আলাপ' নামাঙ্কিত যে বার্ষিক পত্রিকা প্রকাশ করতে চলেছে তার জন্য আমি গর্বিত ও যারপরনাই আনন্দিত। পত্রিকার গুণগতমান, বিষয় বৈচিত্র, মুদ্রণ নিশ্চিতভাবে এই মহাবিদ্যালয়ের গৌরব বৃদ্ধি করবে। ২০২৩-২৪ বার্ষিক পত্রিকার সর্বাঙ্গীন সাফল্য কামনা করি।

শুভেচ্ছাসহ

ড. প্রিয়তোষ দত্ত
ভারপ্রাপ্ত অধ্যক্ষ

সম্পাদকের কথা

কলেজ পত্রিকা 'আলাপ' আবার প্রকাশিত হল বলে আমরা যারপরনাই আনন্দিত। এবছর বহু ছাত্র, শিক্ষক এবং শিক্ষাকর্মী বন্ধুরা তাঁদের গল্প, কবিতা, প্রবন্ধ ও চিত্রকলা জমা দিয়ে পত্রিকাকে সমৃদ্ধ করেছে। এবার হিন্দিভাষায় বেশ কিছু লেখা আমরা পেয়েছি যা গত কয়েক বছরের তুলনায় ব্যতিক্রমী। মনোমুগ্ধকর কিছু ফোটোগ্রাফও প্রাপ্তির ঝুলিতে রয়েছে।

পত্রিকার সম্পাদক হিসেবে আশা ্ রাখি, সকল ছাত্র, শিক্ষক ও শিক্ষাকর্মীবন্ধুরা তাঁদের সাহিত্য ও শিল্পচর্চার মাধ্যমে কলেজ পত্রিকা 'আলাপ'কে প্রবহমান রাখবেন।

জয়দীপ সিংহ (সিনহা)
ছাত্র প্রতিনিধি
কলা বিভাগ

Message From the

President's Desk

Dear Esteemed Faculty, Staff, Students, and Alumni of Ananda Mohan College,

It is with great pride and profound gratitude that I address you as the newly appointed President of the Governing Body of this venerable institution. As we stand at the threshold of another year, I reflect on the rich legacy of excellence that Ananda Mohan College has cultivated over several decades. It is a place where knowledge meets wisdom, where tradition merges with innovation, and where each individual's potential is nurtured to its fullest.

Our college strives to be a beacon of academic brilliance, intellectual curiosity, and holistic development. The pages of this annual magazine offer a beautiful canvas to celebrate our collective achievements – whether they are academic, cultural, or personal milestones that each of you has reached. It is heartening to see how Ananda Mohan College continues to inspire and empower its students, faculty, and staff, creating a nurturing environment where ideas flourish and dreams take root.

In my tenure as President, I am committed to furthering the college's mission of fostering an atmosphere of learning that transcends traditional boundaries. With the support of the dedicated faculty, staff, and students, we will continue to focus on enhancing academic infrastructure, promoting research, and nurturing a sense of social responsibility. Together, we will work tirelessly to ensure that Ananda Mohan College remains a place of academic distinction and a catalyst for positive change in our community.

As we celebrate the achievements of the past year, let us also look forward to the challenges and opportunities that lie ahead. I urge each of you – students, faculty, staff and alumni – to continue to uphold the values of integrity, compassion, and perseverance that have always defined the spirit of Ananda Mohan College. Let us strive, as always, to build a future that reflects the very best of who we are, while honoring the legacy of those who have walked this path before us.

I look forward to working alongside each one of you to make Ananda Mohan College an even greater institution in the years to come.

Warm Regards & Best Wishes,
Dr. Dipra Bhattacharya
President, Governing Body
Ananda Mohan College

गवर्निंग बडिर (प्राक्तन) सभापतिर कथा

अनुशासित बनें विद्यार्थी

'काक चेष्टा, बको ध्यानम्, श्वान निद्रा तथैव च अल्पाहारी, गृहत्यागी, विद्यार्थी पंच लक्षणम्।।'

विद्याध्ययन करने वाले विद्यार्थियों के लिए पौराणिक काल से ही यह सुनिश्चित किया गया था कि उनका जीवन पूर्णतया अनुशासित हो। विद्यार्थियों के लिए कौवै जैसी निरंतर चेष्टा करने, बगुले जैसा ध्यान लगाने, श्वान जैसी हल्की नींद लेने, कम भोजन करने तथा घर से दूर आश्रम (वर्तमान संदर्भ में हॉस्टल) में रहकर विद्या ग्रहण करने का स्पष्ट निर्देश था। तत्कालीन समय में गुरुकुल की प्रथा चलन में थी, जहां गुरुओं के आश्रम में रहते हुए विद्यार्थी उनसे शिक्षा ग्रहण करते थे। उनका जीवन पूर्णत: अनुशासित होता था। विद्यार्थी सुबह ब्रह्मकाल में उठकर स्नान-ध्यान करते तथा इसके बाद गुरु से विभिन्न विषयों में शिक्षा हासिल करते थे। विद्यार्थियों को शिक्षा दी जाती थी - 'विद्या ददाति विनयम्, विनयम् ददाति पात्रताम्...' कि वे विनयी बनें, क्योंकि विद्या से व्यक्ति विनयी होता है तथा विनयी व्यक्ति ही 'सुपात्र' माना जाता है।

कालांतर में शैक्षणिक व्यवस्थाएं बदली तथा शिक्षा के वास्तविक उद्देश्य बदल गये। जीवन के पूर्ववर्ती उद्देश्य 'धर्म-अर्थ-काम-मोक्ष' में से अब 'अर्थ' सर्वप्रधान बन गया है। इसी कारण 'मानवीयता', 'सौहार्दता', 'सहभागिता', 'परोपकार' जैसी उदात्त भावनाएं कम हुई हैं। पहले जो शिक्षा संपूर्ण व्यक्तित्व निर्माण पर जोर देती थी, अब 'अर्थोपार्जन' पर केंद्रित नज़र आती है। संस्कारों से अधिक जोर तकनीकी कौशल पर है।

ऐसे में संपूर्ण समाज का दायित्व है कि 'ह्यूमन रोबोट' बनते जा रहे विद्यार्थियों को संस्कार एवं अनुशासन का पोषण दें ताकि वे समाज, देश व पूरी दुनिया को श्रेष्ठ से श्रेष्ठतर बना पाएं। आज आवश्यकता है नये सिरे से इस बात पर विचार करने की कि नयी पीढ़ी के हित में उन्हें 'अनुशासन' का वास्तविक पाठ पढ़ाएं और गुरुदेव रवीन्द्रनाथ टैगोर के निम्न शब्दों का अनुपम संसार विकसित करें -

চিত্ত যেথা ভয়শূন্য উচ্চ যেথা শির, জ্ঞান যেথা মুক্ত, যেথা গৃহের প্রাচীর
আপন প্রাঙনতলে দিবস-শর্বরী, বসুধারে রাখে নাই খন্ড ক্ষুদ্র করি,

अर्थात् -

मन हो निर्भय जहां, ज्ञान हो मुक्त जहां,
ऊंचा हो शीश जहां, वसुधा नहीं बंटी हो जहां
संकीर्णता के छोटे-छोटे टुकड़ों में।

- विवेक गुप्त

সূচী পত্র

কবিতা

আশিয়ানা — দেবাশিস্ গাঙ্গুলী ১১

তোর জন্য — ড. কাকলি সিংহ ১২

সময় — দিব্যজ্যোতি নিয়োগী ১২

সেই ট্রেন লাইনের ধার — অম্যেন্দু মন্ডল ১৩

ঘুমন্ত প্রাণ — শ্রীমধ্যম ১৩

নিশ্চিন্ত আশ্রয়ে — ড. সুভাষ রায় চৌধুরী ১৪

এটাই সত্য — সোহিনী রায় ১৫

গদ্য, প্রবন্ধ ও গল্প

রবীন্দ্রনাথের মৃত্যু — ড. সন্দীপন সেন ১৬

চেতন-অবচেতন লীলা প্রসঙ্গ — ড. প্রশান্ত বন্দ্যোপাধ্যায় ১৯

আশিতে আসিও না — ড. শুভলক্ষ্মী পাল ২২

রায়বেঁশে রণনৃত্য ও বাগদি জাতি: গৌরবময় অতীত ও বিপন্ন ভবিষ্যৎ — ড. মিলন রায় ২৪

''নেই কাজ তো খই ভাজ'' — ডাঃ প্রদীপ মুখোপাধ্যায় ২৯

ট্যাক্সি নাম্বার 1729 ও অজানা বাড়ির ঠিকানা — ড. প্রিয়তোষ দত্ত ৩১

ভিতরকণিকার ম্যানগ্রোভে ফিশিং ক্যাটের দর্শন — ড. শৌণক দত্ত ৩৩

हिंन्दी लेख

एक और दिन — निशांत कुमार चौरसिया ३५

संघर्ष की राह पर — राघव मिश्रा ३५

एक नारी के मन की बात — ईशा साव ३६

मुझे आदत नहीं बातों की — ब्यूटी चौधरी ३६

खुबसूरती या ख्याल — ज्योतिका प्रसाद ३७

भारतीय लोक संस्कृति और पश्चिम बंगाल — डॉ. रीना सिंह ३८

पितृसत्ता: अर्थ, उत्पत्ति एवं व्यापकता — पूजा मिश्रा ४१

English Articles

The Symphony of Learning — Dr. Dipra Bhattacharya ৪৮

Closely Betray — Sohini Roy ৪৮

The Legacy of Ananda Mohan College — Supriyo Saha ৪৯

Growing Up — Rashi Chatterjee ৫০

Shine — Sohini Roy ৫০

An Essay on Equality — Dr. Dibyajyoti Ghosh ৫১

Some of the oldest zoos in India — Dr. Pallab Ray ৫৬

Reflections on Why and How the Best Teachers are the 'Best' ?
— Dr. Priyatosh Dutta ৫৯

Artificial Intelligence : A Game Changer for College Graduates and
Their Employability — Dr. Dipra Bhattacharya ৬১

আশিয়ানা

দেবাশিস্ গাঙ্গুলী
হিসাবরক্ষক, অর্থদপ্তর

আমাকে চেনার পর
যতটুকু বাকী আছে জানা,
সেখানে প্রবেশ নিষেধ
সেটা নিতান্তই ব্যক্তিগত সীমানা।
ধার করা এ টুকু কথা,
নিলামই বা ধার,
আমরা তো আসলে ধারালো হই
ধার করা কথা করে ব্যবহার।
ধার তো হয় বুদ্ধিও, ধার হয় অর্থ
অযথা ধারে আবার যথেষ্ট অনর্থ।
সে ব্যক্তিগত সীমানার তলে,
সেখানে নীলচে আলোয়
হলুদ চাঁপা ফুলে,
ভ্রমর বড়ই সুখী
চাঁপার মধু আগলে।
সেখানে বপন চলে
শুধু আগামীর বীজ,
বাতিল সেখানে ফুটেজ,
মাখন আর চীজ।
সেখানে কেউ বা যদি
পরাগ রেণু ছড়ায়,
বাতাস চঞ্চল হয়
রোমান্সের ফোয়ারায়।
সেখানে তর্ক চলে না
চলে শুধু আলাপ,
সেখানে নিধন নেই
আছে সৃজনের উত্তাপ।
সেখানেও লোভ আছে
আছে কামনার মিশেল,
তবে সে লোভ আর কামনায়
ব্যস্ত সৃষ্টির হেঁসেল।
বিবাদ সেখানেও আছে
আছে আক্রমণ,
সে আক্রমণে শান দেয়
খুনসুটির দুশমন।
তাই এখানে আমার বাড়ি
নিশ্চুপ আলয়ে,
জানি পৃথিবী নতুনই আছে
হৃদয়ের দেবালয়ে।
ভয় পেও না বন্ধুরা সব
চুপচাপ দেখ,
সানন্দে অপরাধীর
সাজার গল্প লেখ।
তোমার চেয়েও ব্যস্ত কেউ
নীরবে গোপনে,
এ বিশ্বে আবর্জনার
মহা সংক্রমণে।
ক্ষুরধার তরবারি
হয়ত সচল,
শুধু নিজেরে রাখতে গোপন
সে চির অবিচল।
ভাবছি করছি আমি
আমি সবল,
আসলে অনিবার্য্য পরিণতি
আনে সকল কর্মফল।
দুষ্টের দমন শিষ্টের পালন চাও
আপন শরীরের বাইরে,
সে সুদর্শন যেন ঘোরে
তোমারও অন্তরে।
যুক্তির কবলে রাখছ ঢেকে
তোমার যত অশুদ্ধ ফলক,
দুর্বল শরীর আর স্থবির জীবনে
করবে উদ্ঘাটিত তা জেনে রেখ,
তোমার জীবন সড়কের
শেষ মাইল ফলক।

তোর জন্য

ড. কাকলি সিংহ
অধ্যাপক, ইতিহাস বিভাগ

তোকে নিয়ে কবিতা লিখব বলে —
ঘুম ভেঙে বসেছি আধো রাতে।
কত রাত এখন ?
জানি না কত রাত,
আমি শুধু জানি ফাগুন,
আমি শুধু জানি পূর্ণিমা,
আর জানি কবিতা লিখতে হবে,
তোর জন্য।

কবিতা লিখতে গিয়ে —
তোর কথাই মনে পড়ছে শুধু।
তোকে শাল-সেগুনের গাছের ফাঁকে,
নতুন সূর্যের মতন লাগে।
তোর কথা মনে এলে চারিদিকে —
আলি আহমেদ হুসেনের সানাই বাজতে থাকে।
রজনীগন্ধায় ভরে আছে সব —
লিখি কী করে বলত?
কি দিয়ে নিরেট করব লেখা?
অমোঘ শব্দ মনে আসছে না কিছুতেই।

তোন জন্য কবিতা লিখব বলে —
বসে আছি।
শব্দ নেই, ছন্দ নেই,
আছে এলোমেলো লাইনের সমাহার,
হোল না তোকে দেওয়া কবিতায় উপহার,
হারিয়ে যাচ্ছে কথা —
বুঝতে পারছি, তোকে নিয়ে কাব্য করা বৃথা,
আসলে আমার কাছে —
তুই নিজেই এক ছন্দোবদ্ধ কবিতা।

সময়

দিব্যজ্যোতি নিয়োগী
চতুর্থ সেমেস্টার, প্রাণীবিদ্যা বিভাগ

হেঁটে যেতে হবে বহু দূরে
ঘষা পাথরের গা বেয়ে
খোদিত ছিল যে সব শিলালিপি
সবই আজ অতীতের দিকে চেয়ে।।
চিরকাল যা ছিল স্বমহিমায়
সবই আজ ভগ্নপ্রায়
শূন্য হয়েছে জনপদ
সে আজ আরো প্রাণ চায়।।
অন্তিম বলে যা কিছু আছে
ক্ষণকালে সবই বদলেছে
বদলেছো তুমি বদলেছি আমি
ক্ষণকালে সবই বদলে যায়।।
ক্লান্ত পাখিরা আজ তৃষ্ণার্ত
অস্থিমজ্জা শুষ্ক হয়েছে প্রায়
পচন রোগ ঘিরে রেখেছে তাদের
আর বাঁচার আসা নাই।।
দীর্ঘ হয়েছে শ্বাস
ফুস ফুস আজ যে জীর্ণ
অতিকায় দেহ তাই
আজ কুঁকড়ে হয়েছে শীর্ণ।।
নেই প্রাণের আশা
তীব্র হয়েছে তপ্ত প্রবাহ
যারা আগে এল তারাও বিদায় নিল
জীবন্ত শরীর হয়েছে জ্বলন্ত বিগ্রহ।।

সেই ট্রেন লাইনের ধার

অমেন্দু মন্ডল
ষষ্ঠ সেমেস্টার, বিজ্ঞান বিভাগ

প্রায়ই কয়েক দশক কেটে গেছে,
সেই রেল-লাইনের ধারে যাওয়া হয়নি,
আজ যখন গেলাম, দেখলাম —
সব কিছুই যেন একইরকম
আছে আগের মতো; যে রকমটা
ফেলে এসেছিলাম ওই
দিন, যে দিন দেখেছিলাম
শেষবার তাকে, তার বাড়িতে।
ফেলে আসা সেই রেলের লাইন
ইলেকট্রিক পোল, ট্রেনের আনাগোনা
সবই এক রকমই রয়ে গেছে।
একই রকম রয়ে গেছে কলোনির
লোকেদের তাসের আড্ডা; শেষ
ট্রেনের হুইস্‌ল্‌ যেন এটাই আমায়
বোঝাতে চায় — যে তার কাছে
তোমারও সময় শেষ।
এ সবেরই মাঝে দেখলাম একটি
অদ্ভুত দৃশ্য; যেখানে একটি ছেলে
তার বাড়ির জানালায় এখনও
দাঁড়িয়ে আছে, তার ভাঙা মন ও
ভালোবাসা হাতে নিয়ে তার অপেক্ষায়।
আশেপাশের সবকিছু যেন ইঙ্গিত
দিতে চায় যে, তার হাতে সময়
নেই, সে হেরে গিয়েছে এই
খেলায়, কিন্তু তার সম্ভাবনা তত্ত্বের
অঙ্কের উত্তর 0.01% সম্ভাবনার
আশা নিয়ে দাঁড়িয়ে আছে যে সব কিছু
আবার আগের মতো
একই রকম হয়ে যাবে। আবার
রেল লাইনের দুই পরিবেশ, মন
এক হয়ে যাবে আগের মতো
যখন সেই মেয়েটি তার
ভাঙা মনটিকে আবার জোড়া
লাগাতে সাহায্য করবে, হাত
বাড়িয়ে দেবে।

ঘুমন্ত প্রাণ

শ্রীমধ্যম
স্নাতক, রসায়ন বিভাগ

দিনের পর দিন লাশের গন্ধ গ্রহণ করেও,
প্রসন্নতার চাদরে নিজেকে মুড়ে, বেড়ায় ঘুরে কত মানুষ!
নানা লোভের বশবর্তী হওয়ায় জিহ্বা থেকেও ঝরে লালা...
অনেকের নেই লজ্জা-মান ও হুঁশ!
মরণের গর্তে লুকিয়ে থাকে বিবেক-মনুষ্যত্ব-মূল্যবোধ;
অন্যায়প্লাবনে ভেসে মানুষ মেরে মানুষ নেয় প্রতিশোধ!
টাকার স্তুপের উপর ব'সে থাকে অগণিত মানুষ;
সততা নয়-পরিশ্রম নয় .... জেগে থাকে ক্লেশ ও ঘুষ!
চারিপাশে দেখা যায় না বেশি প্রকৃত জ্ঞানসম্পন্ন মানুষ;
কেউ হ'য়ে থাকে বেহুঁশ, কেউবা থাকে ব'সে অন্ধ সেজে!
কূপের ভিতরে ঢুকে কত মানুষ যন্ত্র হ'য়ে অন্যায়ে মজে!
দিনের পর দিন লাশের গন্ধ গ্রহণ ক'রেও,
প্রসন্নতার চাদরে নিজেকে মুড়ে, বেড়ায় ঘুরে কত মানুষ!

নিশ্চিন্ত আশ্রয়ে

ড. সুভাষ রায় চৌধুরী
অধ্যাপক, বাণিজ্য বিভাগ

দুলছে হাওয়ায় নৌকোটা
আমরা দু'জন যাত্রী
দুলছে দূরের সাঁকোটা
ঘনিয়ে এল রাত্রি;
মাঝিভাই তোলো পাল
ধরো হাল —
বাড়ছে ঝড়ের গতি
ভাঙছে পাড়, ডুবছে গ্রাম
রাঙা মাটির পথটাও,
বুঝিনা ঝড়ের মতি
ভিড়াও তোমার নৌকো
তাড়াতাড়ি, আরো তাড়াতাড়ি
আমার প্রিয়ার তরে,
তোমার কাছে মিনতি
বাঁচাও আমার প্রিয়ারে।
চারিদিকে শুধুই অন্ধকার
ঘন অন্ধকার
শন্ শন্ হাওয়ায়
আরও দুলছে নৌকোটা —
আমার বুকে মুখ লুকিয়ে
নিরাপত্তার আশ্রয়ে
প্রিয়া আমার কাঁদছে,
কেমন করে
নৌকোটা ভাসছে!
বোধ হয়, বিধাতাও হাসছে।
হঠাৎ করে ভীষণ জোরে
অনেক বড় ঢেউটা এসে
ভাসিয়ে নিল আমার প্রিয়াকে,
নিষ্ঠুর বিধাতাকে
অভিশাপ দিয়ে
ভাসিয়ে দিলাম নিজেকে —
প্রিয়ার খোঁজে।
অনেক ঢেউয়ের ঝাপটা এসে
পথটা দিল হারিয়ে —
ডুব সাঁতারে
অনেকটা পথ পেরিয়ে
রাত্রি প্রায় শেষে —
ঐ দেখা যায়
ছোট্ট আলোর রেখা,
দূরের গ্রামের কুঁড়েঘরগুলিতে
জ্বলছে প্রদীপের শিখা।
অনেক আঁধার পেরিয়ে
রাতের অন্ধকার এড়িয়ে —
পূব আকাশে
দিগন্ত রেখায়
সূর্য দিল তার প্রথম আলো ছড়িয়ে,
দেখি পাড়ের কাছে এসে —
আমার প্রিয়া
আসছে ভেসে ভেসে
আমার দিকে
নিশ্চিন্তে আশ্রয়ের খোঁজে।
দেখি

এলোমেলো বসনে
যেন সদ্য
হাসছে মিটিমিটি
চক্ষু দুটি মুদে,
শেষ হাসিতে
বিষন্নতায়
দিলাম তারে ছুটি
বিধাতার কোলে
নিশ্চিন্ত আশ্রয়ে;
দূরে ঐ নৌকাটি
এখনও ভাসছে
পাড়ের কাছাকাছি,
সূর্যের প্রথম কিরণে
কত শান্ত এই পৃথিবী,
সমুদ্রটা এখনও ডাকছে
অবাক আস্তে।
সূর্যের আলোয় চিকমিক করে
সেও হাসছে।
পৃথিবীর জল, স্থল, বাতাস
সূর্য, চন্দ্র, আকাশ
সবই আছে —
আছি আমিও
আছে সমস্ত মানুষ,
শেষ হয়েছে
আমার গর্বের কানুন —
যা আমি,
একটু একটু করে
গড়েছিলাম
আমার প্রিয়ার তরে।

এটাই সত্য

সোহিনী রায়
তৃতীয় সেমেস্টার, ইংরেজী মেজর

জীবনে কোনো কিছুর অহংকার করলাম না
তাই জন্য নিজের প্রতি অহংকার।
কিন্তু এই অহঙ্কারকে ভেঙ্গে
কি লাভ যে পাবে!
আমি খুবই সহজ কথা বলি
কিন্তু মানুষ কেনো সেইটাই জটিল করে?
একটু মানুষকে প্রেম করে বসি —
কিন্তু মানুষই ওরা ঐটাই বুঝলাম
তারা বোঝেনা।
খুবই নির্মম বাস্তবতা
হাসি, রাগ এর কোন জায়গা নেই।
চলতে হলে তাদের মতন চলো
নাহলে তারা তোমার জীবনকে নিয়ে প্রশ্ন করবে
'তুমি' কে ভুলে যেও।
'তারা' কে মনে রেখো
এইটাই সত্য এই কলিযুগে।

রবীন্দ্রনাথের মৃত্যু

ড. সন্দীপন সেন
অধ্যাপক, ইংরেজী বিভাগ

রবীন্দ্রনাথ ঠাকুরের মৃত্যু হয়েছিল মূত্রাশয়ের পীড়ায়, এবং শেষ পর্যন্ত তাঁর কিডনিও প্রায় বিকল হয়ে গেছিল। তাঁর অসুস্থতার প্রথম সূত্রপাত হয়েছিল ১৯৪০ সালের ২৫ সেপ্টেম্বর। তখন তিনি ছিলেন কালিম্পং শহরে। সে সময়ে মূত্রাশয়ের পীড়ায় তিনি জ্ঞান হারিয়ে ফেলেছিলেন, তখনই দার্জিলিংয়ের ইংরেজ সিভিল সার্জন রবীন্দ্রনাথের অপারেশন করতে চেয়েছিলেন, কিন্তু রবীন্দ্রনাথের পুত্রবধূ প্রতিমা দেবী সে প্রস্তাবে সম্মত হন নি। তারপর রবীন্দ্রনাথের বিশেষ স্নেহভাজন প্রশান্তচন্দ্র মহলানবিশের উদ্যোগে রবীন্দ্রনাথকে কলকাতায় ফিরিয়ে আনা হয়। সে আমলের দুই বিখ্যাত চিকিৎসক নীলরতন সরকার ও বিধানচন্দ্র রায়ের চিকিৎসায় রবীন্দ্রনাথ সাময়িকভাবে সুস্থ হয়ে উঠেছিলেন বটে, কিন্তু কখনওই একেবারে রোগমুক্ত হতে পারেন নি।

সে বছরের ভাইফোঁটার পর, ১৯৪০ সালের ১৮ নভেম্বর রবীন্দ্রনাথ কলকাতা থেকে শান্তিনিকেতনে চলে আসেন। তখনও তাঁর শরীরে জ্বর নিত্যসঙ্গী। পরের বছর এপ্রিল মাসে বাঙলা নববর্ষের দিন অসুস্থ শরীরেই তিনি তাঁর জীবনের শেষ ভাষণ দেন, যে ভাষণ 'সভ্যতার সংকট' নামে বিখ্যাত হয়ে আছে। অবশেষে নিজের আসন্ন মৃত্যুর কথা তিনি নিজেই লিখলেন তাঁর গল্পসল্প বইতে। সেখানে ছড়ার ছন্দে তিনি লিখলেন :

খাতা হাতে এখন বুঝি
আসছে কানে কলম গুঁজি
কর্ম যাহার চরম হিসাব লিখা।

রবীন্দ্রনাথ সাধারণভাবে অ্যালোপাথি চিকিৎসার ভক্ত ছিলেন না, যদিও নোবেল পুরস্কার পাবার কিছুদিন আগে, ১৯১৩ সালের ৩০ জুন, ইংলন্ডের ডাচেস নার্সিং হোমে অ্যালোপাথি মতে তাঁর অর্শ অপারেশন হয়েছিল। তবে মূত্রাশয়ের পীড়ার জন্যে তিনি কোনও অপারেশন করাতে চেয়েছিলেন কি না সে বিষয়ে নিশ্চিত করে কিছু বলা যায় না। বরং, বিভিন্ন ব্যক্তির সাক্ষ্যপ্রমাণ থেকে যা বোঝা যায়, তিনি অ্যালোপাথি মতে চিকিৎসা বা অপারেশনের পক্ষপাতী ছিলেন না। স্বাভাবিকভাবেই তিনি মৃত্যুকে বরণ করে নিতে চেয়েছিলেন। রবীন্দ্রনাথের অপারেশনের বিরোধী ছিলেন ডাক্তার নীলরতন সরকার। তিনি বলেছিলেন রবীন্দ্রনাথের দেহ এতই সুকোমল যে তিনি অপারেশনের ধকল নিতে পারবেন না। কিন্তু ডাক্তার বিধানচন্দ্র রায় অপারেশনের পক্ষে ছিলেন, এবং শেষ পর্যন্ত তাঁর মতামতেরই জয় হলো। অপারেশনের জন্যে রবীন্দ্রনাথকে শান্তিনিকেতন থেকে কলকাতা নিয়ে আসা হয় ১৯৪১ সালের ২৫ জুলাই, বাঙলা ১৩৪৮ বঙ্গাব্দের ৯ শ্রাবণ। শান্তিনিকেতন থেকে মোটরগাড়ি করে রবীন্দ্রনাথকে নিয়ে যাওয়া হয়েছিল বোলপুর রেল স্টেশনে, সেখান থেকে রেলওয়ের একটি বিশেষ সেলুন কারে তাঁকে তোলা হয়, সেই সেলুন কার হাওড়া স্টেশনে পৌঁছনোর পর নিউ থিয়েটার্স এর বাসে চাপিয়ে তাঁকে নিয়ে আসা হয় তাঁর পৈতৃক নিবাস জোড়াসাঁকো ঠাকুরবাড়িতে, যে বাড়িতে আশি বছর আগে তিনি জন্মেছিলেন।

রবীন্দ্রনাথ জোড়াসাঁকো ঠাকুরবাড়িতে পৌঁছনোর পর তাঁর চিকিৎসা ও অপারেশনের জন্যে একটি মেডিক্যাল টিম তৈরি করা হয়। সেই দলে ছিলেন মোট পাঁচজন ডাক্তার — তাঁরা হলেন ডাক্তার ললিত বন্দ্যোপাধ্যায়, ডাক্তার বিধানচন্দ্র রায়, ডাক্তার অমিয় সেন, ডাক্তার সত্যসখা মৈত্র এবং ডাক্তার জ্যোতিপ্রকাশ সরকার। উল্লেখযোগ্যভাবে সেই দলে অনুপস্থিত ছিলেন রবীন্দ্রনাথের বন্ধু স্যার নীলরতন সরকার—যিনি রবীন্দ্রনাথের অপারেশনের বিরোধী ছিলেন।

১৯৪১ সালের ৩০ জুলাই, রবীন্দ্রনাথের অপারেশন হয়। অপারেশনের আগে, সকাল সাড়ে নটার সময়ে তিনি তাঁর জীবনের শেষ কবিতাটি লেখেন। এ কবিতাটি তিনি মুখে মুখে বলেছিলেন, আর লিখে নিয়েছিলেন শ্রীমতী রানী চন্দ। রানী চন্দকে মুখে মুখে এ কবিতাটি বলার পর রবীন্দ্রনাথ আরও বলেছিলেন যে এখানে কিছু জায়গায় গোলমাল আছে, অপারেশনের পর সেসব জায়গা তিনি ঠিক করে দেবেন, কিন্তু সে সুযোগ তিনি আর পান নি— কারণ অপারেশনের পর তিনি আর কবিতা লেখা বা বলার মতো শারীরিক শক্তি ফিরে পান নি।

জোড়াসাঁকো ঠাকুরবাড়ির বারান্দায় টেবিল পেতে অপারেশনের আয়োজন করা হয়। মূল অপারেশন করেছিলেন—অর্থাৎ ছুরি ধরেছিলেন—ডাক্তার ললিত বন্দ্যোপাধ্যায়, তাঁকে সাহায্য করেছিলেন ডাক্তার সত্যসখা মৈত্র আর ডাক্তার অমিয় সেন, এ ছাড়া মাথার দিকে দাঁড়িয়েছিলেন ডাক্তার জ্যোতিপ্রকাশ সরকার। রবীন্দ্রনাথকে সম্পূর্ণ অজ্ঞান করা হয় নি, শুধুমাত্র লোক্যাল অ্যানাস্থেসিয়া দিয়ে অপারেশনের জায়গাটা অসাড় করে দেওয়া হয়েছিল, আর তাঁর মুখের সামনে বুকের ওপর একটা ছোটো পরদা দিয়ে দেওয়া হয়েছিল যাতে তিনি ওপারে কী হচ্ছে তা দেখতে না পান। অপারেশন হয়েছিল মোট পঁচিশ মিনিটের—সকাল এগারোটা কুড়ি থেকে এগারোটা পঁয়তাল্লিশ পর্যন্ত। তবে, অপারেশনের জায়গাটা অসাড় করে দিলেও অপারেশনের সময়ে রবীন্দ্রনাথের প্রচণ্ড ব্যথা লেগেছিল, সে কথা তিনি নিজেই বলেছিলেন নির্মলকুমারী মহলানবিশকে। এও বলেছিলেন যে তাঁর এত কষ্ট হয়েছিল যে জোর করে তিনি ঠোঁট টিপে চোখ বুজে ছিলেন, যাতে তাঁর মুখ দিয়ে কোনও আর্তনাদ বেরিয়ে না যায়। এ ছাড়া সেদিন বিকেলেও তিনি বারবার বলেছিলেন যে তাঁর জ্বালা ও ব্যথা করেছিল।

এখানে বলে নেওয়া প্রয়োজন রবীন্দ্রনাথের ঠিক কী অপারেশন হয়েছিল। তাঁর মূত্রাশয়ের ব্যাধি ছিল, এনলার্জড প্রস্টেট ছিল, কিন্তু প্রস্টেটের অপারেশন তাঁর হয় নি। তাঁর যে অপারেশন হয়েছিল ডাক্তারি পরিভাষায় তার নাম সুপ্রাপিউবিক সিস্টোস্টমি—যার উদ্দেশ্য ছিল প্রস্টেট অপারেশন না করে ছিদ্র করে নল বসিয়ে প্রস্রাব বেরোনোর রাস্তা করে দেওয়া, এ অপারেশন সফল হলে পরবর্তীকালে প্রস্টেটের অপারেশন করার পরিকল্পনা ছিল। দুঃখের বিষয়, এ অপারেশন সফল হয় নি, তাই তার পরের অপারেশনটাও করা যায় নি।

এই অসফল অপারেশনের পরে রবীন্দ্রনাথ বেঁচেছিলেন মাত্র আর আট দিন। ১৯৪১ সালের ৭ অগাষ্ট, বাঙলা ১৩৪৮ বঙ্গাব্দের ২২ শ্রাবণ, দুপুর বারোটা বেজে দশ মিনিটে তাঁর জন্মস্থান জোড়াসাঁকো ঠাকুরবাড়িতেই তাঁর শেষ নিঃশ্বাস পড়ে। মধ্যের দিনগুলোতে অধিকাংশ সময়ে তিনি অচৈতন্য ও

অর্ধচৈনত্য অবস্থায় ছিলেন, শারীরিক যন্ত্রণাও ছিল, কিডনিও কাজ করছিল না।

রবীন্দ্রনাথ চেয়েছিলেন তাঁর অন্ত্যেষ্টিক্রিয়া যেন শান্তিনিকেতনেই হয়। কিন্তু তাঁর মৃত্যুর পর তাঁর অন্ত্যেষ্টিক্রিয়া শেষ পর্যন্ত কলকাতা শহরের নিমতলা মহাশ্মশানেই সম্পন্ন হয়। দুপুর সাড়ে তিনটেয় তাঁর মরদেহ নিয়ে শোকযাত্রা শুরু হয়—রবীন্দ্র সরণী, বিবেকানন্দ রোড, চিত্তরঞ্জন অ্যাভিনিউ, কলুটোলা স্ট্রিট, কলেজ স্ট্রিট, বিধান সরণী, অরবিন্দ সরণী, বি.কে. পাল অ্যাভিনিউ হয়ে তাঁর মরদেহ পৌঁছয় নিমতলায়। নিমতলা ঘাটে অবশ্য তাঁর একমাত্র জীবিত পুত্র রথীন্দ্রনাথ ঠাকুর রবীন্দ্রনাথের মুখাগ্নি করতে পারেন নি, কারণ ভিড়ের চাপে তিনি শ্মশানঘাট পর্যন্ত পৌঁছতেই পারেন নি—শেষ পর্যন্ত মুখাগ্নি করেন রবীন্দ্রনাথের মেজদা সত্যেন্দ্রনাথের পৌত্র সুবীরেন্দ্রনাথ ঠাকুর। এভাবেই শেষ হয় বাঙলা তথা সমগ্র ভারতীয় উপমহাদেশের সর্বশ্রেষ্ঠ কবি রবীন্দ্রনাথের নশ্বর জীবন।

চেতন–অবচেতন লীলা প্রসঙ্গ

ড. প্রশান্ত বন্দ্যোপাধ্যায়
অধ্যাপক, বাংলা বিভাগ

আধুনিক কথা-সাহিত্যে যেমন এক বিশেষ মাত্রাযোগ বাস্তবতা, তেমনই সামাজিক দৃষ্টিভঙ্গির আর এক ফলশ্রুতি হল, মানব-অন্তর্লোকের চেতনা প্রবাহের উপস্থাপন। ১৮৯০ খ্রিঃ প্রকাশিত মনোবিজ্ঞানী উইলিয়াম জেমস লিখিত Principles of psychology গ্রন্থে চেতনা প্রবাহের বিষয়টি প্রথম উচ্চারিত হয়। জেমস এর মতে, মানব-বাহ্যমনের অন্তরালে একটি অবিচ্ছিন্ন চেতনা ও চিন্তাস্রোতের প্রবাহ চলে, যাকে তিনি Stream of thought, stream of Consciousness, Subjective life ইত্যাদি নামে চিহ্নিত করেছিলেন। আর এর থেকেই কথা-সাহিত্যে Stream of Consciousness কথাটি গ্রহণ করেন সিনক্লেয়ার। ১৯১৫ খ্রিস্টাব্দে ডরোথি রিচার্ডসনের লেখা Pointed Roofs নামক রচনার সমালোচনা সূত্রে ১৯১৮ খ্রিস্টাব্দে সিলক্লেয়ার প্রথম এই Stream of Consciousness কথাটি ব্যবহার করেছিলেন। যদিও এর আগেই ঔপন্যাসিকদের মধ্যে এই তত্ত্বের প্রভাব পড়েছিল। ফরাসী ঔপন্যাসিক মার্সেল প্রুস্ত এর Remembrance of the Thing Past এর ১ম খন্ড The Swann's Way তে, ইংরাজি সাহিত্যে ভার্জিনিয়া উলফের রচনায় সর্বপ্রথম চৈতন্যপ্রবাহ (Stream of Consciousness) ও অন্তর্মুখিনতা (Subjectivism)-র প্রকাশ লক্ষ্য করা যায়। চেতনা প্রবাহমূলক উপন্যাসের প্রাথমিক রূপাবয়ব হল, মনস্তাত্ত্বিক উপন্যাস।

অবদমিত মনের কামনা-বাসনা, স্মৃতির অনুষঙ্গে অতীত অথবা ভবিষ্যতে যাতায়াত, কখনো বর্তমান কালের সঙ্গে কাহিনির সাযুজ্য-সাধন, টুকরো চিন্তা-ভাবনা আধুনিক উপন্যাসের যা অন্যতম রীতি, তাকেই বলে চেতনাপ্রবাহ রীতি। এক্ষেত্রে লেখক নিভৃত মনের অবচেতনস্তরে মানস সংকটকে ফুটিয়ে তোলার চেষ্টা করেন। মন প্রায়শই অতীত ও বর্তমানের মধ্যে ঘোরাফেরা করে, কখনো একাকার হয়ে যায়; স্মৃতিচারণ, ভবিষ্যৎ কল্পনা ও এই দু'য়ের মধ্যে বর্তমানের উপস্থিতি টানাপোড়েন ইত্যাদির মাধ্যমে মনের মধ্যে তরঙ্গ-প্রবাহের জন্ম হয় এবং অন্তর্মুখী স্রোত ও তার সঙ্গে চিন্তাস্রোত এসে মিলে এই প্রবাহকে প্রবল করে তোলে। মানব-মনের ৩টি স্তর হল —

১. সংজ্ঞান,
২. অসংজ্ঞান এবং
৩. নির্জ্ঞান।

এগুলির উপর গুরুত্ব দিয়ে ফ্রয়েড ও য়্যুং Psycho Theraphy অর্থাৎ মনোসমীক্ষার যে তত্ত্ব নির্মাণ করেন, তারই পটভূমিতে চেতনামূলক রীতির সূত্রপাত।

চেতনাপ্রবাহ-রীতির প্রয়োগ করে লেখক চরিত্রের মন ও তার অবচেতন অংশ এবং মনন ও অন্তর্মননের স্তরগুলিকে ধরার প্রয়াস করেন, যার সূত্রে পূর্ণায়ত মনকে উন্মোচিত করাই তাঁর লক্ষ্য। এই জাতীয় রচনায় আঙ্গিক গঠনে গল্পত্ব বর্জিত হয় — চলিত ছকের নিটোল প্লট ও আদি-মধ্য-অন্ত্যযুক্ত কাহিনি গঠনের

কৌশল দূরে সরিয়ে দেওয়া হয়, চরিত্র-চিত্রণের বিষয় হয়ে যায় গৌণ; স্মৃতিচিত্রণ ও আত্মকথার রীতির আশ্রয়ে চরিত্রের অন্তর্মানসকে উদ্ঘাটিত করতে প্রচেষ্ট হলেন এই রীতির অনুসারী লেখকেরা। চেতনাপ্রবাহ রীতির লক্ষণগুলি হল, স্মৃতির অনুষঙ্গ, খন্ড খন্ড চিন্তা-ভাবনা, অতীত-ভবিষ্যতের কাহিনি বর্ণনার মাঝে বর্তমান ঘটনার সঙ্গে সংযোগ-স্থাপন, স্বগতোক্তি, তির্যক বাক্‌বিন্যাস ইত্যাদির ব্যবহার দীপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের 'অশ্বমেধের ঘোড়া' গল্পে দেখা যায়।

১. আঙ্গিক —

গোপন বিবাহ-বার্ষিকীর দিন আধুনিক কলকাতার জনবহুল ব্যস্ত পারিপার্শ্বিকতার মধ্যে দুই যুবক-যুবতী কাঞ্চন ও রেখা পরস্পরের কাছে একটু নিবিড় হতে চেয়েছিল, তাই একান্তের খোঁজে তাদের যাত্রা শুরু প্রথমে পায়ে হেঁটে। তারপর ঘোড়ার গাড়িতে এবং শেষ পর্যন্ত আবার পায়ে চলা আশ্রয়হীন অসহায়তায়। জেমস জয়েসের ইউলিসিস এ দেখা গিয়েছিল নায়ক ডেডানামের ডাবলিন শহর পরিক্রমা। গোপাল হালদারের 'একদা'য় নায়ক অমিতের চিত্রকল্প 'যাত্রা'।

২. চেতনার প্রবহধর্ম —

'রাস্তাটা চোখের সামনে পালটাতে দেখি। কলকাতা রোজ পালটায়। আমরা শুধু রাস্তাটুকুর খবর রাখি।'[১]

৩. ভাবনার স্রোতে কাঞ্চনের চিন্তায় রেখা-র প্রথম 'বৌ' হয়ে ওঠার ছবি ভেসে ওঠে —

'সেই মুহূর্তে বৌ বৌ মনে হচ্ছিল'।[২] অথচ রেখা রুমাল দিয়ে ঘষে ঘষে সিঁদুর তুলে ফেলার পর কাঞ্চনের মনে বিধবার মত করুণ ও শূন্য বলে মনে হল সেই রেখাকে।—চিন্তার স্রোত এক ধাত থেকে আর এক ধাতে প্রবাহিত হয়।

৪. মায়ের চিন্তাসূত্রে রেখার ভাবনায় এসে ধরা দেয় বাড়ির কথা —

'রেখার হাসিমুখ মুহূর্তে শুকিয়ে গেল। মা-র নামে ওর বাড়ির কথা মনে পড়েছে।'[৩] মায়ের থেকে বাড়ি, তার থেকে কাঞ্চনের চেতনাতেও রেখার বাড়ির ভাবনা এসে ধরা দেয় — '....ওর (রেখার) বাড়ির কথা মনে পড়েছে। আমারও পড়ে।'[৪]

৫. কাহিনিটি প্রধানত কাঞ্চনের —

তার স্বপ্ন ও স্বপ্নভঙ্গের, প্রত্যাশা ও প্রত্যাশাভঙ্গের, কাহিনি; কিন্তু রেখার মৌন সমর্থন ছাড়া সে কখনও পরিপূর্ণ হয়ে উঠতে পারতো না। বিবাহ-বার্ষিকীর বিশেষ দিনটিতে বিশ্ববিদ্যালয়ের সেনেট হলের দরজাবিহীন, খিলান-বিহীন, সিঁড়িবিহিন ভগ্নদশা দেখে তাদের মনে ঐতিহ্যের পতনের বেদনার সঙ্গে প্রথম প্রেমের দিনগুলির কথা স্মৃতির অনুষঙ্গে দোলা দেয়।

৬. আত্মানুসন্ধান —

'নিজেকে ফাঁকি দিচ্ছি কথায়, রেখাকে ফাঁকি দিচ্ছি কথায়। আর পুঁথি থেকে তার সমর্থন খুঁজছি।'[৫]

৭. অনুচ্চারিত স্বগতোক্তি —

'রেখার পরিবার আছে, সমাজ আছে, আমি একটা পুরুষ। ওহো, আমি পুরুষ। বেড়ে।'[৬]

৮. কাব্যিক ভাষা —

'একদিন, কোনো এক নিকট অথচ বিস্মৃত অতীতে, একদিন অতীতে। সবই ছিল স্বপ্ন।'[৭]

৯. গীতিময় ভাষা —

'কড়ি মধ্যম সমুদ্র স্তম্ভের মতো কেবল ধৈবতে ভেঙে পড়ে, কোমল গান্ধার ছুঁয়ে ষড়জে ফিরে এল। আর বৃষ্টি দ্রুত হল।'[৮]

১০. সাহিত্য থেকে গৃহীত উদ্ধৃতি —

'সঈ, কেনা বাঁশী বা এ কালীনী নঈ কূলে।'[৯]

১১. প্রতীক —

'সাবধানে পথ চলুন সপ্তাহ'[১০]-র ঘোষনায় 'আলোর দিকে মুখ রাখুন'[১১] জীবনের ইতিবাচক দিকের প্রতি ইঙ্গিত।

কিংবা, 'অথচ সামনে সমুদ্র ছিল'[১২] বাক্যাশ্রয়ে প্রেম, স্বপ্ন, আশা-আকাঙ্ক্ষাকে সমুদ্রের প্রতীকে তুলে ধরা হয়েছে।

১২. ক্যামেরা আই —

ক. Flash Back –

'.... চোখের সামনে স্পষ্ট ভেসে উঠল সুকুমার, প্রফুল্ল আর চন্দন।'[১৩]

খ. Close up, Fade out –

'.... বৃষ্টি নামল। রেখা বাইরে হাত পেতে ধরল। ফোঁটা ফোঁটা জলে হাতটা অপরূপ হয়ে উঠল। রেখার আঙুলগুলিতে একটি মুদ্রার ভঙ্গি।'[১৪]

একটি করে 'ফ্রেম' তৈরি হচ্ছে, দৃশ্য আসছে, Fade out হয়ে চলে যাচ্ছে, আসছে আবার পরবর্তী ফ্রেম — দৃশ্য।

গ. Panoramic view –

'.... চায়ের দোকান আর রাস্তা আর গঙ্গার ধারের গাছতলা।'[১৫]

ঘ. Montaz –

'রেজিস্ট্রারের চেম্বারটা মনে পড়ল — ছোট ঠাসা। রেস্তোরাঁর কেবিনটা মনে পড়ল — ছোট, ঠাসা। বাসের সিঁড়িটা মনে পড়ল — ছোট, ঠাসা।'[১৬]

লেখক কাঞ্চন ও রেখার নস্টালজিক অনুভূতি ও মানসিক যন্ত্রণার মুহূর্তগুলিকে কয়েকটি বিশেষ চিত্র, টুকরো টুকরো ছবিকে ভাষার বর্ণনা কৌশলে মোহময় করেছেন, পুঙ্খানুপুঙ্খ বিচার - বিশ্লেষণের পথে যাননি। অতীতের স্মৃতি রোমন্থন, কাঞ্চনের স্বগতোক্তি, রেখার শ্লেষোক্তিতে সার্থক করে তুলেছেন। কাহিনির রন্ধ্রে রন্ধ্রে চেতন-অবচেতনের লীলা লক্ষ্য করা যায়। পুরোপুরি চেতনাপ্রবাহমূলক গল্প বলা যায় কিনা, সেই প্রশ্নকে দূরে সরিয়ে রেখেই চেতন-অবচেতনের লীলা প্রয়োগে এক্ষেত্রে লেখকের সার্থকতাকে মানতেই হয়।

উল্লেখপঞ্জী —

১. অশ্বমেধের ঘোড়া, এ কালের ছোটগল্প সঞ্চয়ন (২য় খন্ড), কলিকাতা বিশ্ববিদ্যালয়, ১ম সং (জানুয়ারী ২০০৯), পৃ. ১৬৯

২. তদেব, পৃ. ১৭০

৩. তদেব, পৃ. ১৭২

৪. তদেব, পৃ. ১৭২

৫. তদেব, পৃ. ১৭৩

৬. তদেব, পৃ. ১৭৫

৭. তদেব, পৃ. ১৭৩

৮. তদেব, পৃ. ১৭৬

৯. তদেব, পৃ. ১৭৬

১০. তদেব, পৃ. ১৭৫

১১. তদেব, পৃ. ১৭৫

১২. তদেব, পৃ. ১৭৩

১৩. তদেব, পৃ. ১৭০

১৪. তদেব, পৃ. ১৭৬

১৫. তদেব, পৃ. ১৭৩

১৬. তদেব, পৃ. ১৭১।

আশিতে আসিও না

ড. শুভলক্ষ্মী পাল
অধ্যাপক, অর্থনীতি বিভাগ

কেমন হবে যদি কখনো এরকম শোনা যায় যে আমাদের দেশের মধ্যে দশ জনের মধ্যে আট জন লোকই বয়স্ক বা বাচ্চা। আমাদের সাধারণ বুদ্ধিতে কি বলে? এরকমটা হলে আমাদের ক্ষতি কি বা লাভটাই বা কি? আরেকটু পরিষ্কার করে বইয়ের ভাষায় বলা যায় এটি হলো নির্ভরতা অনুপাত, যা অকর্মজীবী বয়সের মানুষের সংখ্যার সাথে কর্মজীবী মানুষের তুলনা করে। অর্থাৎ যদি ১৫ থেকে ৬৫ বছরের জনসংখ্যা তুলনায় বাচ্চা (০-১৪) এবং বয়স্কের (৬৫ এর বেশি বয়স) সংখ্যা বেড়ে যায় সেটিকে আমরা 'নির্ভরশীলতার অনুপাত' হিসাবে পরিমাপ করে থাকি। তাহলে এখন প্রশ্ন হল, এই অনুপাতটি আমাদের কি বুঝতে সাহায্য করে? সহজভাবে ভাবতে গেলে আমি যদি একটা কারো বাড়ি গিয়ে ভাবি যেখানে বয়স্ক বেশি এবং একজনের উপরই সংসারের সমস্ত কিছু ভার নির্ভর করছে তাহলে প্রথমেই মনে হয় যে এই মানুষটার উপর কতটা চাপ! একটা মানুষ যাকে এতগুলো বয়স্ক লোকেদের দায়িত্ব নিতে হয়, তাকে আয় করতে হয়, তার টাকায় সমস্ত পরিবার চলে; শুধু তাই নয় কোনোরকম শারীরিক অসুস্থতা হলেও সেই লোকটাকে দৌড়াতে হয়। যেমন একটা এটা ঘরের জন্য সত্যি, সে রকম এটা অর্থনীতিতেও এই ধরণেরই পরিবেশ তৈরি হতে পারে। এটি সাধারণত কোনো দেশের আপেক্ষিক চাপ বোঝার জন্য ব্যবহার করা হয়। অর্থাৎ যদি নির্ভরতার অনুপাতটা বেড়ে যায় তাহলে কর্মক্ষম লোকের পরিমাণ কমে যাবে এবং সমগ্র অর্থনীতির উপর একটা চাপ তৈরি হবে। শুনতে অবাক লাগলেও এই ধরণের সমস্যা নিয়ে আজকে যেসব বড় বড় দেশের মাথা ব্যথা তার মধ্যে প্রথমেই যাদের নাম করতে হয় সেগুলি হল জাপান, দক্ষিণ কোরিয়া, স্পেন, পোল্যান্ড প্রমুখ উন্নয়নশীল দেশ। শুনতে অবাক লাগলেও এটা সত্যি যে, বিগত কয়েক শতাব্দী ধরে স্বাস্থ্য এবং চিকিৎসা, প্রযুক্তিতে উন্নতি এবং শিশু মৃত্যুর হার ক্রমশ হ্রাস পাওয়ায় আজ অর্থনীতি এই জায়গাটিতে এসে পৌঁছেছে। হ্যাঁ এখানে যেটা ভাবা হচ্ছে ঠিক তাই, মানে কোনো একটি দেশ যদি বেশি উন্নত হয়ে যায় তাহলে তাকে নতুন একটা সমস্যার সম্মুখীন হতে হচ্ছে যেটি হল এই নির্ভরশীলতার সমস্যা। এই নির্ভরতার মধ্যে যদি বয়স্কদের মাথা বেশি থাকে তাহলে সেটি বিপদমূলকভাবে 'গ্লোবাল এজিং' এর সমস্যা বলে চিহ্নিত করা হচ্ছে। অর্থনীতির পরিকাঠামোগত উন্নতি পরিমাপ করার জন্য Human Development Index ব্যবহার করা হয় এবং যার একটি পরিমাপ হল: 'Life expectancy at birth', বা গড় আয়ু। অর্থাৎ এরকম মনে করা হয় যদি কোনো দেশে চিকিৎসা পরিষেবা বা পরিকাঠামোগত উন্নতি হয় তাহলে দেশের মানুষের গড় আয়ু বুদ্ধি পাবে এবং যার ফলে HDI ও বৃদ্ধি পাবে। এই HDI বৃদ্ধি আর কিছুই নয় দেশের সামগ্রিক উন্নতিকেই নির্দেশ করে থাকে। তাহলে এখানে প্রশ্ন হল যে গড় আয়ু বৃদ্ধি পেলে দেশের সামগ্রিক উন্নতি হয়েছে বলে ধরা হয় তাহলে সেই গড় আয়ু বৃদ্ধি পেলে আবার সমস্যা তৈরি হচ্ছে কি করে? ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন (WHO) মূলত প্রজনন হারের ক্রমাগত হ্রাস এবং আয়ু বৃদ্ধিকেই বিশ্বের জনসংখ্যা বার্ধক্যের মূল কারণ হিসেবে তুলে ধরেছে। এটি ছাড়াও আরো যে কারণ কে নির্দেশ করেছে সেটি হল, উন্নতির কারণে মৃত্যুর হার কমে যাওয়া।



Source: https://www.visualcapitalist.com/aging-global-population-problem/

অর্থনীতির 'life cycle hypothesis' এ জনসংখ্যার বয়সের একটি ধারণাকে তুলে ধরা হয়েছে, যেখানে সঞ্চয়ের সাথে একটি সম্পর্ককে তুলে ধরা হয়েছে যা প্রত্যক্ষভাবে অর্থনৈতিক বৃদ্ধিকে প্রভাবিত করতে সক্ষম। অভিজ্ঞতামূলক বিশ্লেষণে, ফেয়ার অ্যান্ড ডোমিনগুয়েজ (1991) আবিষ্কার করেছেন যে মার্কিন জনসংখ্যার বয়স কাঠামোর পরিবর্তনগুলি সমষ্টিগত অর্থনৈতিক সূচকগুলির পরিবর্তনের সাথে ঘনিষ্ঠভাবে সম্পর্কিত। যেমন ভোগ, আবাসন বিনিয়োগ, অর্থের চাহিদা এবং শ্রমের অংশগ্রহণ। Aksoy et al (2019) যিনি 21 টি OECD দেশের জন্য প্যানেল ডেটা বিশ্লেষণ করেছেন তাও দেখেছেন যে জনসংখ্যার বার্ধক্য অর্থনৈতিক বৃদ্ধি, বিনিয়োগ, সঞ্চয়, মাথাপিছু কাজের ঘন্টা, প্রকৃত সুদের হার এবং মুদ্রাস্ফীতির উ পর অর্থনৈতিক এবং পরিসংখ্যানগতভাবে উল্লেখযোগ্য প্রভাব ফেলে।

এখন প্রশ্ন হল বয়স খাটানোর এই পরিবর্তনগুলি কীভাবে মূল্য বৃদ্ধি, সম্পদ গঠন এবং বিনিয়োগকে প্রভাবিত করে? Juselius and Takats (2021), প্রাথমিকভাবে শ্রমজীবীর সংখ্যার সাথে সঞ্চয়ের একটা সম্পর্ক তুলে ধরেছেন। উনাদের মতে, তরুণ গোষ্ঠীর মধ্যে সঞ্চয়ের একটি প্রবণতা দেখা যায় অন্যদিকে বয়স্করা সেই সঞ্চয়কে ভাঙে এবং তাদের জীবন অতিবাহিত করে। অর্থাৎ সঞ্চয় কমার সাথে সাথে যদি ব্যয় বৃদ্ধি পায় তাহলে অনিচ্ছাকৃতভাবে হলেও মুদ্রাস্ফীতি হার বাড়তে থাকে। অন্যদিকে বয়স্কের সংখ্যা বাড়লেও প্রশাসনের দিক থেকে একটা চাপ তৈরি হয় কারণ তাদের আয় কমে যায় এবং কর দেওয়ার মতো লোকের সংখ্যাও কমে যেতে থাকে। আবার পলিটিকাল ইকনোমিক দিক থেকে দেখা যায় যদি প্রশাসন এই অতিরিক্ত জিনিসের দাম নিয়ন্ত্রণ করতে অক্ষম হয় তাহলে ভোট ব্যাংক এর উপর একটা প্রভাব পড়তে পারে।



Source : United Nations Department of Economic and Social Affairs, Population Division. *World Population Prospects. The 2004 Revision.* New York: United Nations, 2005.

এত কিছু সমস্যার মধ্যে আশার আলো এইটাই যে, বয়স্ক যদি প্রগতিশীল হয় তাহলে সে নিজের বার্ধক্য জনিত সমস্যা নিজেই নিয়ন্ত্রণ করতে পারে এবং সেটি অর্থনীতিকে একটি দিশা দেখায়। বর্তমানে যদি জাপানের পরিস্থিতি দেখি তাহলে দেখা যায় ষাট বছরের ওপর প্রায় ৬৬ শতাংশ মানুষ এখনো কর্মরত। শুধু তাই নয় জাপানি প্রায় 40 শতাংশ কোম্পানি আছে যারা ৭০ বছরের উপর বয়স্ক মানুষদের নিয়োগ করে চলেছেন। অনেক পরিবর্তনের মতই সময়ের সাথে সাথে বয়স্ক মানুষদের সসম্মানে বাঁচা এবং কর্মরত থাকার ধারণাতেও পরিবর্তন এসেছে। গবেষণার জন্য এবং নীতির উদ্দেশ্যে, 65 বছরের উপর থেকে বয়স্কর তকমাটাটিকে গুরুত্ব না দিয়ে, 85 বয়স কে অতি বয়স্ক হিসাবে চিহ্নিত করা হোক যাদের দীর্ঘমেয়াদি যত্নের প্রয়োজন।

রায়বেঁশে রণনৃত্য ও বাগদি জাতি: গৌরবময় অতীত ও বিপন্ন ভবিষ্যৎ

ড. মিলন রায়
অধ্যাপক, ইতিহাস বিভাগ

''নহে ঘৃণ্য জিনিষ এ'—
মহা মুল্যবান জিনিষ এ।''[1]

বাংলার বিভিন্ন রণনৃত্যের প্রচলিত মধ্যে রায়বেঁশে নৃত্য সর্বাপেক্ষা গৌরবময়। রায়বেঁশেঃ রায় কথাটির অর্থ শ্রেষ্ঠ, বড় বা সম্ভ্রান্ত। 'বেঁশে' এর অর্থ বাঁশ ব্যবহারকারী বা বাঁশ থেকে তৈরি। রায়বেঁশে অর্থাৎ শ্রেষ্ঠ বাঁশের তৈরি হাতিয়ার নিয়ে যুদ্ধ করে। বাংলার বাগদি সম্প্রদায়ের মানুষেরা মল্লরাজাদের পদাতিক বাহিনীতে নিরেট বাঁশের তৈরি বল্লমের হাতল বা দণ্ড, লাঠি, রণপা, ধনুক ইত্যাদি নিয়ে যুদ্ধ করত। সারাবছর শরীর কর্মঠ, নীরোগ, যুদ্ধোপযোগী নীরোগ রাখার জন্য ঢোল, কাঁসীর তালে যে ছন্দবদ্ধ অনুশীলন করত তা পরবর্তীকালে রায়বেঁশে লোকনৃত্য নামে পরিচিত হয়।[2] বীরভূম জেলার বাগদি, বাউরি সম্প্রদায়ের বিবাহ অনুষ্ঠানে এই নৃত্য প্রদর্শন করত। রাঢ়বঙ্গের জমিদারদের সম্পত্তিরক্ষার কাজেও দেহরক্ষী হিসাবে বাগদিরা অনেকদিন যুক্ত ছিল। মল্লযুদ্ধে পারদর্শী বাগদিরা যুদ্ধের প্রস্তুতি হিসাবে খেলাধূলা ও শরীরচর্চায় অংশগ্রহণ করত। এর ফলে তারা বিভিন্ন লাঠি খেলায় পারদর্শী হয়ে উঠতে থাকে। কথিত আছে বাগদি লেঠেল তাঁর পাকা বাঁশের লাঠির সাহায্যে পঞ্চাশ বা একশজনের মহড়া নিতে পারতেন।[3] যোগেন্দ্রনাথ গুপ্তের *বাংলার ডাকাত* গল্পে আমরা লাঠি খেলার বিভিন্ন ঘটনার বিবরণ পাই। বাংলায় নৃত্যের যে নিদর্শনগুলি পাওয়া যায় তাঁর মধ্যে অন্যতম হল রায়বেশে, ঢালী, কাঠি, নাটুয়া, পাইক নৃত্য ইত্যাদি। বাগদি জাতির ছেলেরা লাঠি খেলার পাশাপাশি বীরভূম ও তার পার্শ্ববর্তী অঞ্চলে রায়বেঁশে খেলাতেও বিশেষভাবে দক্ষ হয়ে উঠেছিল। তাদের নৃত্যের বীরোচিত ভাবভঙ্গী, অনবদ্য ছন্দ-চাতুর্য প্রত্যেককেই আকৃষ্ট করে।

''বাঙালী যোদ্ধার কি স্বরূপ দেখায়
তার সাক্ষাৎ মূর্তি যদি দেখবি তো আয়।
বোরো বুদুর আর অজন্তার গুহা হতে
যেন উঠে এসেছে লোক বাংলার পথে।''[4]

রায়বেঁশের গৌরবধারা:

রায়বেঁশেদের অভ্যুত্থান, অজ্ঞাতবাস ও অবনতি, ইতিহাসে বাঙলার জীবনে যুগে যুগে পরিবর্তনের একটি প্রতীক স্বরূপ। গুরুসদয় দত্ত লিখেছেন — ''অতি প্রাচীন যুগে, বাঙলাভাষার অভ্যুদয়ের পূর্বের, ইহাদের নাম যে কি ছিল তাহা আমরা জানি না; কিন্তু ইহারা যে খুব সম্ভবতঃ ভীমের বংশধর ও অর্জুনের রণতাণ্ডব নৃত্যকলার উত্তরাধিকারী তাহা আমরা দেখিয়াছি। গঙ্গারাঢ় (গঙ্গারাষ্ট্র) যুগে যখন বাঙলা শৌর্য্যে-বীর্য্যে ভারতবর্ষের সর্বোচ্চ আসনে অধিষ্ঠিত ছিল, তখন হইতেই রাঢ় দেশে এই শ্রেণীর যোদ্ধারা শৌর্য্যগৌরবে গৌরবান্বিত হইয়া বাঙলার স্পার্টা নামে অভিহিত হইবার যোগ্যতা লাভ করিয়া আসিয়াছে।'' রায়বেঁশের উদ্ভব নিয়ে বিতর্ক আছে। অজয় নদীর তীরবর্তী রাঢ় অথবা বীরভূম অঞ্চলের অধিবাসী এই রায়বেঁশেদের কথা খ্রীষ্টীয় একাদশ শতাব্দীতে

ঘনরামের ''ধর্মমঙ্গল'', ভারতচন্দ্রের ''অন্নদামঙ্গল'' কবিকঙ্কন ''চণ্ডী'' ও কবি রামপ্রসাদের কাব্যগ্রন্থের মধ্যে প্রাচীন বাংলার ''রায়বেঁশে'' যোদ্ধাদের সমর-কৌশলের উল্লেখ পাওয়া যায়। এই রায়বেঁশে যোদ্ধারা একাদশ শতাব্দীতে বর্ধমান জেলার 'শ্যামরূপা'র নেতৃত্বে ময়না গড়ে লাউসেনকে আক্রমণ করেছিল। এরাই ষোড়শ শতাব্দীতে মান সিংহ র বাহিনীতে অন্তর্ভূক্ত হয়ে প্রতাপাদিত্যের সঙ্গে যুদ্ধ করেছিল।[5] সম্মিলিত লোকনৃত্যের ধারাতে রণনৃত্যের শৈলী স্পষ্ট। এছাড়া ষোড়শ শতাব্দীতে প্রতাপাদিত্য ও মানসিংহের যুদ্ধে এদের উল্লেখ পাওয়া যায়। অন্নদামঙ্গল কাব্যে মানসিংহের যশোর যাত্রার বর্ণনায় বলা হয়েছে —

'হাতীর আমারী ঘরে বসিয়া আমীর।
আপন লস্কর লয়ে, হইল বাহির।।
আগে চলে লালপোশ খাসবরদার।
সিফাই সকল চলে কাতার কাতার
তবকী ধানুকী ঢালী রায়বেঁশে মাল
দফাদার জমাদার চলে সদীয়াল।।[6]

কেউ মনে করেন রায়বেঁশে নৃত্য শৈলী বয়স ১৭৫ বছরের কিছু বেশি। এর প্রথম উদ্ভব হয়েছিল মুর্শিদাবাদের বড়জ্ঞা ও খড়গ্রাম অঞ্চলে। পরে বীরভূম, বর্ধমান রাঢ়ের জেলাগুলোতে ছড়িয়ে পড়ে। যেমন লোকসংস্কৃতি গবেষক পুলকেন্দু সিংহ মনে করেন, ১৬০০ সালে ফতেসিং পরগণা (বর্তমান মুর্শিদাবাদ জেলার কিছু অংশ) দখল করার জন্য আকবর বাদশাহ সেনাপতি মান সিংহকে এই অঞ্চলে পাঠালে রাজস্থানের ভল্ল বা বল্লমধারী যোদ্ধারা পরবর্তী সময়ে এই অঞ্চলেই থেকে যায় এবং লেঠেল, পাইক-বরকন্দাজ হিসেবে কাজ করে। এরা সাধারণত জমিদারের হয়ে লাঠি-বল্লম নিয়ে শত্রুদের দমন করত। দীর্ঘদিন পাশাপাশি বসবাসকারী বাগদি, হাড়ি, ডোম, বায়েনদের নিয়ে এই রাজস্থানের বল্লমধারীরা রায়বেঁশে দল গঠন করে।

১৯৩০-৩১ সালে গুরুসদয় দত্ত নতুন করে রায়বেঁশেকে বাঁচিয়ে তোলার চেষ্টা করেন। রাইবেঁশের কলাকুশলীরা প্রধানত বীরভূম জেলার চারকোল গ্রামে থাকতেন। বীরভূমের কীর্ণাহারের সরকার বংশের জমিদাররা চারকল গ্রাম রায়বেঁশেদের বসবাসের জন্য দান করেছিলেন। এই গ্রামটি রাইবেঁশে গ্রাম নামেও পরিচিত। সেখানকার কলাকুশলী গোবর্দ্ধন প্রামাণিক, রামপদ প্রামাণিকদের নিয়ে প্রচার শুরু করেন। বাংলার অন্ত্যজ মানুষরাই মূলত এই সংস্কৃতির প্রধান ধারক। তাদের শারীরিক সক্ষমতায় মুগ্ধ হয়ে ভূস্বামীরা নিজেদের লেঠেল বাহিনীতে তাঁদের নিয়োগ করতেন। তাঁদের পরিধেয় ছিল সাদা ধুতির সঙ্গে কোমরে বাঁধা লাল ফেট্টি। সেটি কোমর বন্ধ হিসেবে ব্যবহার হলেও আসলে ছিল শৌর্য ও বীরত্বের চিহ্ন। রায়বেঁশে লোকনৃত্যের শিল্পীরা মূলত পশ্চিমবঙ্গের বীরভূম, মুর্শিদাবাদ, বর্ধমান জেলার অধিবাসী। এদের উৎপত্তি প্রসঙ্গে জানা যায় যে, এসমস্ত অঞ্চলের রাজ রাজা ও জমিদারদের এককালে রায়বেঁশে নামক সৈন্যবাহিনী এবং দেহরক্ষী ছিল।[7] বাংলার ''রায়বেঁশে'' যোদ্ধাদের বংশধর, তাতে বিন্দুমাত্র সন্দেহ হতে পারে না। এর সঙ্গে যুক্ত হয়েছিল শারীরিক কসকলা কৌশল। রায়বেঁশে লোকনৃত্যের সাথে ঢোল এবং কাঁশি রয়েছে, যেগুলো ঢোল ও করতাল নামে বেশি পরিচিত। তাই মূলত, মধ্যযুগীয় বাংলার জমিদারের দেহরক্ষী দ্বারা নৃত্য পরিবেশন করা হয়েছিল। যে সম্প্রদায় এটি সম্পাদন করে তারা বাগদি সম্প্রদায় নামে পরিচিত।

রবীন্দ্ররচনাবলী, তৃতীয়খন্ডের 'খাপছাড়াতে'ও রায়বেঁশে নাচের উল্লেখ আছে। রায়বেঁশে বা রায়বেশে

নাচে মুগ্ধ ছিলেন বিশ্বকবি। এই নাচ প্রসঙ্গে তিনি বলেছিলেন, ''রকম পুরুষোচিত নাচ দুর্লভ; আমাদের দেশের চিত্তদৌর্ব্বল্য দূর করতে পারবে এই নৃত্য'' বাস্তবিক এই নৃত্য দেখলে এটাকে নটরাজ শিবের রণতাণ্ডব নৃত্যের অবিকল প্রতিরূপ বলে মনে হয়।

বর এসেছে বীরের ছাঁদে,
বিয়ের লগ্ন আটটা
পিতল-আটা লাঠি কাঁধে,
গালেতে গালপাট্টা।
শ্যালীর সঙ্গে ক্রমে ক্রমে
আলাপ যখন উঠল জমে,
রায়বেঁশে নাচ নাচের ঝোঁকে,
মাথায় মারলে গাট্টা।
শ্বশুর কাঁদে মেয়ের শোকে,
বর হেসে কয় 'ঠাট্টা।'[৪]

রায়বেঁশে ও বাগদি জাতি:

বাংলার লেঠেল সম্প্রদায়ই রণনৃত্য রায়বেঁশের কান্ডারী। ১৯৩০-৩১ সালে এই সকল বীর মানুষগুলির কাছে যুদ্ধনৃত্য এবং শরীরচর্চার ক্ষেত্রস্বরূপ বাংলার রায়বেঁশেকে লোকায়ত সংস্কৃতির অঙ্গ হিসেবে তুলে ধরতে চেয়ে তিনি ওদের সঙ্গে যোগাযোগ শুরু করেন। সেই সঙ্গে অপরাধী তকমায় চিহ্নিত ঠগি বা ডাকাত দলগুলিকে শুভকর্মপথে আনার উদ্যোগ গ্রহণ করেন।[৯] এই যুদ্ধনৃত্যকে বাঁচিয়ে রাখার জন্য প্রতিষ্ঠা করেছিলেন বঙ্গীয় পল্লীসম্পদ রক্ষা সমিতির। সেখানে বাউল-ঝুমুর সার এগুলিও সংরক্ষিত হয়েছিল। পরাধীন ভারতবাসীর মনে জাতীয় চেতনা ও নাগরিকত্ববোধ তৈরিই ছিল এ আন্দোলনের প্রধান লক্ষ্য। ১৯৩১ তিনি এই রাইবেঁশেকে আরও উন্নতরূপ দান করে বিদ্যালয়ে অতিরিক্ত পাঠ্যরূপে তা জনপ্রিয় করে তুলেছিলেন।[10] তাঁর মতে ''প্রধানতঃ ভল্লধারী যোদ্ধা ছিল এবং 'রায়বেঁশে' নাম গ্রহণ করিবার পূর্ব্বে খুব সম্ভবতঃ ভল্ল অস্ত্রের নামের সঙ্গে ইহাদের নামের সংযোগ ছিল। এই অনুমানের অপ্রত্যাশিত প্রমাণ পাওয়া যায় — 'ভল্লা' নামে যে একটা জাতি মুর্শিদাবাদ ও বীরভূম জেলায় এখনও বর্তমান আছে তাহা হইতে। এই ভল্লা জাতির লোক আধুনিক সমাজের শ্রেণীবিভাগ হিসাবে বাগদী জাতি শ্রেণীয়। ইহারা যে এককালে প্রবল বলশালী এবং যোদ্ধা শ্রেণীর ছিল তাহাতে বিন্দুমাত্র সন্দেহ নাই। বহুযুগের অবজ্ঞা ও দারিদ্র্যের নিষ্পেষণে ইহাদের আর্থিক অবস্থা অবনতির গভীরতম স্তরে আসিয়া পড়িয়াছে এবং যুগের পর যুগ, বৎসরের পর বৎসর অনশনে থাকিতে হয় বলিয়া, ইহাদের শারীরিক তেজস্বিতা ও শক্তির মাত্রা এত অভাবনীয় ভাবে হ্রাস পাইয়াছে।''[11] একটি গানের মধ্যে তিনি এই নৃত্যের পরিচয় তুলে ধরেছেন —

''মহা মদপাত্রের' রায়বেঁশে সহায়
এমনি ছুটেছিল লাউসেনের ময়নায়
রাজ নগরবাসী বীররাজার বংশ
রায়বেঁশের সহায়ে করত শত্রু ধ্বংস।
রাজা মানসিংহের দুর্ধর্ষ ফৌজ রায়বেঁশে
এমনি নাচত উল্লাসে রণ বিজয় শেষে
কলিঙ্গের সম্রাটের পদাতিক বেশে
এমনি ছুটত রায়বেঁশের দল গুজরাট দেশে
থেকে ছদ্মবেশে অধঃপতিত দেশে
'রায়' বেঁশে নেচে রাইবেশের বেশে।''[12]

রায়বেঁশে নৃত্যশৈলী:

একাধিক বাহু-ভঙ্গী দেখতে পাওয়া যায় যেমন — বাহু ও হাতের ভঙ্গী দ্বারা তীরচালনা, অসিচালনা, বর্শানিক্ষেপ, অশ্বচালনা, শত্রুকে পরাস্ত করা হয়েছে বোঝাতে একজনের কাঁধের উপর আর একজন দাঁড়িয়ে

এই নাচ করে। নাচের শেষে দাঁড়িপাল্লা, কুমিরচলা, চড়কগাছ, তালগাছ, হনুমান ডন, যমদুয়ার ইত্যাদি বিভিন্ন কসরৎ তারা করে থাকে।[13] এই নাচে ধুতি মালকোচা করে লাল শালুকে ধুতির উপর বাঁধতে হয় এবং শরীরের উপরের অংশ খালি থাকে। রবীন্দ্রনাথ ঠাকুর গুরুসদয় দত্তকে লেখা এক পত্রে লিখেছেন — 'দেশের জন সাধারণ বলতে যাদের বোঝায় সেই পল্লীবাসীরা তাদের নৃত্যগীতে, কাব্যকলায় অজস্র ভাবে প্রাণের আনন্দ প্রকাশ করেছে। মরা নদীর মাঝে মাঝে জল কুমিরের মতো এখনও তার অবশেষ দেখা যায়....তার মধ্যে একটি হচ্ছে নৃত্য। সরস্বতীর এই মহাদ্দানকে আমাদের ভদ্রসমাজ অবজ্ঞা করে পেশাদারের ঘরে ঠেলে দিয়েছে জনসাধারণের মধ্যে আড়ালে আবডালে কিছু কিছু আছে সংকোচে আপনি তাকে অখ্যাতি থেকে মুক্ত করে সর্ব জনের মধ্যে তার আসন করে দেবার চেষ্টা করবেন।'[14] তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসেও রায়বেঁশের উল্লেখ পাওয়া যায় —

'আমার বিয়ে যেমন তেমন
দাদার বিয়ে রায়বেঁশে
আয় ঢকাঢক মদ খেসে।'[15]

সেকাল ও একাল:

পলাশীর যুদ্ধের পর বাঙালী সৈন্য সংগ্রহের প্রথা বন্ধ হয়ে যেতে থাকে। এর ফলে প্রাচীন অসংখ্য 'রায়-বেঁশে' যোদ্ধাদলকে যে দারুণ সমস্যার সম্মুখীন হয়ে জীবিকা নির্বাহের জন্য নানা সমস্যায় পড়তে হয়েছে, তা সহজেই অনুমান করা যায়। অনেক 'রায়বেঁশে'কে যে অবস্থার পরিবর্তনে দস্যুবৃত্তি অবলম্বন করতে হয়েছিল তার উল্লেখ রয়েছে ঊনবিংশ শতাব্দীর প্রথম ভাগের 'ইস্ট-ইন্ডিয়া' কোম্পানীর ফি রিপোর্টে (Fifth Report, 1812)। এই সময় রায়বেঁশেদের কাছে এক বিষম বিভীষিকা রূপে উপস্থিত হয়। শত অভাব, যন্ত্রণায় বাংলার পথে পথে কাঙালবেশে ঘুরে বেরিয়েছে। সেই রায়বেঁশেদের শিল্পধারা বাঁচিয়ে রাখার জন্য গুরুসদয় দত্তের নিষ্ঠা ও উদ্যোগ সঞ্জীবনী সুধার ন্যায় ছিল।[16] তিনি লিখেছেন — ''অষ্টাদশ শতাব্দীর শেষভাগ হইতে বাঙলার প্রাচীন রায়বেশে যোদ্ধাদের বংশধর দিগকে যে অধিকাংশ ক্ষেত্রে বৃহন্নলার নপুংসক বেশে অজ্ঞাতবাসে থাকিয়া, রণতাণ্ডব নৃত্যকলা পরিত্যাগ করিয়া, কৃষ্ণলীলা ও বাই নাচের লাস্যবৃত্তি অবলম্বন করিয়া জীবিকা নিবর্বাহ করিতে হইত। ইহাদের যুদ্ধ ব্যবসার দ্বারা জীবিকা নিবর্বাহের সুযোগ এদেশে আর নাই। ইহাও আমরা দেখিয়াছি যে, বর্তমান বাঙলা দেশের লোক পুরুষের তাণ্ডব নৃত্যের আদর করিতে এবং অর্থ বুঝিতে ভুলিয়া গিয়াছে। তাহারা এখন কেবল চায় মেয়েলি বাইজী নৃত্য অথবা রাধা-কৃষ্ণের প্রেমের নৃত্য।''[17] লাঠিয়াল, রক্ষীবাহিনীর যুগ আজ আধুনিক অস্ত্রশস্ত্রের কাছে বেমানান। বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদের বাগদি, বাউরি, ডোম সম্প্রদায়ভুক্ত রায়বেঁশে পরিবারগুলি তাই আজ অস্তিত্বের সংকটের সম্মুখীন। তাই বাঁচার তাগিদে রণনৃত্যকারী এই মানুষগুলি অন্যান্য পেশা গ্রহণ করতে বাধ্য হচ্ছে। তাঁদের নতুন প্রজন্ম আজকাল প্রথাগত পেশা ছেড়ে চাষবাস, দিনমজুরি কিংবা শ্রমিক জীবনের মধ্যে প্রবেশ করেছে। তবে রায়বেঁশে লুপ্ত হওয়া থেকে বাঁচিয়ে রাখতে কিছু মানুষ আপ্রাণ চেষ্টা করে যাচ্ছেন।[18]

সমাজের প্রান্তিক অধিবাসী হিসাবে চিহ্নিত বাগদি, ভল্লা, হাড়ি, ডোম, মাল সম্প্রদায়ভুক্ত মানুষজন একদা রায়বেঁশের বিশেষ মর্যাদায় চিহ্নিত হয়েছিল। তবে দুশ্চিন্তার মূল কারণ হল, নতুন প্রজন্মের কেউ

আর তেমন ভাবে এই পেশায় আসছে না। তারা ক্রমেই এই পেশার প্রতি আগ্রহ হারিয়ে ফেলেছে। বাস্তবে রায়বেঁশে খেলা দেখিয়ে যে পারিশ্রমিক পাওয়া যায় তা দিয়ে দল, সংসার চলে না। তাই কখনও পায়ে বড় বাঁশ বেঁধে (রণপা) জোকার সাজেন, সেখানেও অনাদরের ঘনমেঘ। শিল্পীদের নতুন প্রজন্ম বাধ্য হয়ে অন্যান্য পেশা গ্রহণ করতে। তবু কিছু মানুষ আপ্রাণ লড়াই চালাচ্ছে এই শিল্পকে টিকিয়ে রাখার জন্য। মানুষের আগ্রহ পুনরায় বৃদ্ধি পেলে, বাংলার প্রতিটি গ্রামের প্রতিটি স্কুলে এই নৃত্য প্রবর্তিত হলে তাঁদের যে শক্তি ও সাহসের নতুন এক দিকের উন্মোচিত হবে তা নিঃসন্দেহে বলা যেতে পারে। বাংলা দেশের পল্লীগ্রামের নৃত্য প্রতিভা যে আবার সমগ্র বাংলার সীমা অতিক্রম করে ভারতের সর্বত্র ছড়িয়ে পরবে তার প্রত্যাশা আমরা করতে পারি।

সূত্র নির্দেশ :

1 দত্ত গুরুসদয়, বাংলার লোকশিল্প ও লোকনৃত্য, ছাতিম বুকস, কলকাতা, ২০০০, পৃ. ২৩৪।

2 দত্ত গুরুসদয়, তদেব, পৃ. পৃ. ১৯-২৪।

3 কুণ্ডু সন্তোষকুমার, বাঙালী হিন্দুজাতি পরিচয়, প্রেসিডেন্সি লাইব্রেরী, কলকাতা, ২০০৮, পৃ. ১৮৬।

4 দত্ত গুরুসদয়, ২০০০, প্রাগুক্ত, পৃ. ২১৭।

5 দত্ত গুরুসদয়, ২০০০, প্রাগুক্ত, পৃ.পৃ. ২১৭, ২৩৫।

6 বিশ্বাস অচিন্ত্য, বাংলা সাহিত্যে নিম্নবর্গের আখ্যান ও ব্যাখান, পূর্বালোক, কলকাতা, ২০১৩, পৃ.২১৩।

7 আদিত্য মুখোপাধ্যায়, রায়বেশে জীবন ও শিল্প, আনন্দ পাবলিশার্স প্রা: লি:, কলকাতা, ২০১২, পৃ.পৃ. ১৫-২৩।

8 রবীন্দ্রনাথ ঠাকুর, খাপছাড়া, রবীন্দ্ররচনাবলী, তৃতীয় খন্ড, পশ্চিমবঙ্গ সরকার, শ্রী সরস্বতী প্রেস লিমিটেড, কলকাতা, ১৯৮৩, পৃ.৪৫২।

9 রাগিনী দেবী, ডান্স ডায়ালেক্টস অফ ইন্ডিয়া, মতিলাল বানোয়ার্নিদাস পাবলিকেশন, ২০০২, পৃ.পৃ. ১৯৩-১৯৪।

10 ভট্টাচার্য আশুতোষ, বাংলার লোকসংস্কৃতি, ন্যাশনাল বুক ট্রাস্ট, ইন্ডিয়া, নয়াদিল্লী, ২০১৭, পৃ.১২৩।

11 দত্ত গুরুসদয়, ২০০০, প্রাগুক্ত, পৃ. ২৫৯।

12 দত্ত গুরুসদয়, দ্যা লিভিং ট্র্যাডিশন অব দ্যা ফোক আর্ট অ্যান্ড লেটারস, লন্ডন, ১৯৩৬, পৃ.পৃ. ১৯-২১।

13 সেন শুচিব্রত, বীরভূমের অতীত ও বর্তমান সমাজচিত্র: সংক্ষিপ্ত সমীক্ষা, পশ্চিমবঙ্গ, বীরভূম জেলাসংখ্যা, তথ্য ও সংস্কৃতি বিভাগ, ফেব্রুয়ারী, কলকাতা, ২০০৬, পৃ. ১১৬।

14 ব্যানার্জী নরেশ, নৃত্য গুরু, বিশ্বভারতী, তারিখ-১০.০৩.২০১৭ (বিশ্বভারতীর কলা ভবনে ব্যানার্জী নরেশ এর তত্ত্বাবধানে বিশ্বভারতীর ছাত্র-ছাত্রীদের তত্ত্বাবধানে রায়বেঁশে নৃত্য পরিবেশিত হয়েছিল)।

15 গুরুসদয় দত্তকে লেখা রবীন্দ্রনাথের পত্র, ২৭শে ফাল্গুন, ১৩৩৭ বঙ্গাব্দ, গুরুসদয় পেপারস, আর.বি.এ., বিশ্বভারতী এবং বিশ্বভারতী নিউজ, সেপ্টেম্বর, ১৯৩৫, পৃ.৫৯।

16 নরেশ বন্দ্যোপাধ্যায়, গুরুসদয় দত্ত জীবন ও রচনাপঞ্জী (প্রথম সংস্করণ, গুরুসদয় সংগ্রহশালা, ব্রতচারী গ্রাম, গুরুসদয় দত্ত ফোক আর্ট সোসাইটি।

17 দত্ত গুরুসদয়, ২০০০, প্রাগুক্ত, পৃ. ২৬৫।

18 দত্ত গুরুসদয়, বাংলার বীর যোদ্ধা রায়বেঁশে, বাংলার ব্রতচারী সমিতি, ক্যালকাটা, ১৯৯২, পৃ.পৃ. ২১, ২৫, ৪৭-৫১।

''নেই কাজ তো খই ভাজ''

ডাঃ প্রদীপ মুখোপাধ্যায়
অধ্যাপক, উদ্ভিদবিদ্যা বিভাগ

ইদানীং একটা কথা খুব শোনা যায়, ''জেনেরিক মেডিসিন''। এবার আনন্দমোহনে আনন্দের কথাখান বলে একটু আনন্দ ভাগ করে নিই। ভারত সরকারের ''জনওষধি কেন্দ্র'' ভারতবর্ষের প্রায় সব শহর ও শহরাঞ্চলেও তৈরি হয়েছে। তাদের আউটলেট অর্থাৎ খুচরো বিক্রয়কেন্দ্র, কলকাতা শহর ও শহরতলিতেও খুলেছে। একটু দেখে, খবর নিয়ে সটান দোকানে হাজির হলে দোকান থেকে বেড়িয়ে আসার পর আপনার পকেটটি অনেকটা ভারি থাকবে আর মুখটিও সন্তুষ্টিতে ভরা থাকবে। এখানে ওষুধের গুণমান নিয়ে আপনার বন্ধুরূপী শত্রুটি শেষ আক্রমণও শাণাবে আর আপনাকে অস্থির করে তুলবে। আসলে গুণমান বরং অনেক কোম্পানীর থেকে ভাল তো বটেই বরং ''অতিভাল'' শব্দ সংযোজনেও দ্বিধা থাকবে না।

